R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd. No.—WB/MSD—4

অবজেকশন ফর্ম, রেশন কার্ডের ফর্ম, পি ট্যাক্সের এবং এম আর ডিলারদের যাবতীয় ফর্ম, ঘরভাড়া রসিদ, খোঁয়াড়ের রসিদ ছাড়াও বহু ধরনের ফরম এখানে পাবেন।
**দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন**
রঘুনাথগঞ্জ :: ফোন নং-৬৬-২২৮

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত **শরৎচন্দ্র পণ্ডিত** ( দাদাঠাকুর )

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার ঃ
**প্রভাত ষ্টোর**
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮৩শ বর্ষ
৩০শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২৫শে অগ্রহায়ণ বুধবার, ১৪০৩ সাল।
১১ই ডিসেম্বর, ১৯৯৬ সাল।

নগদ মূল্য ঃ ৭৫ পয়সা
বার্ষিক ৩০ টাকা

## ব্যাঙ্কের কেরামতিতে পেনসনারদের আর্থিক দুর্গতি

বিশেষ সংবাদদাতা ঃ সরকারের নূতন নিয়মনীতির ফলে কেন্দ্রীয় অবসরপ্রাপ্তরা ট্রেজারী থেকে আর পেনসন পাবেন না। তাঁদের পেনসন তাঁরা সিডিউল্ড যে কোন ব্যাংক থেকে পাশবুক মারফৎ পাবেন। সেই অনুযায়ী ট্রেজারী জুলাই '৯৬ পর্যন্ত তাঁদের পেনসন দিয়ে সমস্ত পেমেন্ট ডিটেল্‌স্‌ সার্টিফিকেটসহ পেনসন রেকর্ড পেনসনারদের চাহিদামত ব্যাংকে পাঠিয়ে দেন। সেগুলি দীর্ঘদিন ব্যাংকগুলিতে পড়ে থাকার পর বর্তমান ডিসেম্বরে স্থানীয় ব্যাংকের শাখা থেকে নভেম্বর '৯৬ পর্যন্ত পেমেন্ট দেওয়া হয়। পেমেন্ট পাওয়ার পর বহু পেনসানার অভিযোগ করেন তাঁরা তাঁদের যা পাওনা হওয়া উচিৎ তার থেকে ৪/৫শো টাকা কম পেয়েছেন। এই অভিযোগ পেয়ে আমাদের সংবাদপত্র অফিস থেকে ইউনাইটেড ব্যাংকে যোগাযোগ করলে তাঁরা জানান এই গোলমাল হওয়ার মূলে ট্রেজারী দায়ী। কেননা ট্রেজারী জুলাই '৯৬ পর্যন্ত সব পাওনা মিটিয়ে দেওয়া হয়েছে সার্টিফিকেট দেওয়ায় তাঁরা আগষ্ট থেকে টাকা দিয়েছেন। তাঁরাও অভিযোগ পেয়েছেন টাকা কম পাওয়ার। সেক্ষেত্রে একমাত্র ট্রেজারীই বলতে পারে কি ঘটনা ঘটেছে। অবসর-প্রাপ্ত জনৈক উচ্চপদস্থ ব্যক্তির সঙ্গে কথাবার্তা বললে তিনি আমাদেরকে সম্ভাব্য ঘটনাটি কি তার একটা আবেশ দেন। তিনি বলেন, অনেকের অভিযোগমত এবং তাঁদের রেকর্ড দেখে যা বুঝেছেন তা হল—জুলাই এর পর প্রায় সেপ্টেম্বর মাসের প্রথম দিকে দুটি আর্থিক সুবিধার কথা ঘোষণা হয়। সেটির একটি হল ১১% ডি এ-র বৃদ্ধি গত জুলাই '৯৬ থেকে এবং আর একটি হল ১ এপ্রিল '৯৬ থেকে পে কমিশনের ঘোষিত ইনটারিম রিলিফ মূল পেনসনের ১০% ন্যূনতম ১০০ টাকা বৃদ্ধি। যে দুটি ট্রেজারীর ( শেষ পৃষ্ঠায় )

## মুর্শিদাবাদ জেলা পরিবহন কংগ্রেসের সভায়
## অধীর চৌধুরী, শঙ্কর সিং, সুলতান আমেদ

বিশেষ প্রতিবেদক ঃ গত ১০ ডিসেম্বর রঘুনাথগঞ্জ ফুলতলায় মুর্শিদাবাদ জেলা পরিবহন কংগ্রেসের নেতা কালু সেখের সভাপতিত্বে এক সভা হয়। সভায় প্রধান বক্তা নবগ্রামের বিধায়ক বিতর্কিত অধীর চৌধুরী ছাড়াও যুব কংগ্রেস সভানেত্রী মমতা ব্যানার্জীর ভাষায় অপর দুই সমাজবিরোধী রাণাঘাটের বিধায়ক শঙ্কর সিং ও কলকাতা এন্টালীর বিধায়ক সুলতান আমেদ উপস্থিত ছিলেন। প্রদেশ কংগ্রেসের সাংগঠনিক সম্পাদক ও মুর্শিদাবাদের কংগ্রেস নেতা রঞ্জন ভট্টাচার্য এবং ইদ্রিশ আলিও জনসভায় ভাষণ দেন। প্রত্যেক বক্তার কথায় বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে তীব্র ক্ষোভ ও শ্লেষ ফুটে ওঠে। রঞ্জন ভট্টাচার্য উপস্থিত নেতাদের সঙ্গে জনতার পারচয় করিয়ে দেওয়ার পর সভার কাজ শুরু হয়। শুরুতেই ইদ্রিশ আলি বলেন, বামফ্রন্ট আজ প্রোমোটারদের কাছে বিক্রি হয়ে গেছে। এমনকি মাদ্রাসা, মসজিদ সব বিক্রি করে দিচ্ছে। ওয়াকফ কেলেঙ্কারীতে বাম নেতারা সবাই জড়িয়ে পড়েছেন। বুদ্ধদেবের পুলিশ রাজ্যে ধর্ষণের রাজত্ব কায়েম করেছে। বিধায়ক শঙ্কর সিং বলেন, বাম সরকার আজ সর্বক্ষেত্রে ব্যর্থ, কংগ্রেসীদের বিরুদ্ধে মিথ্যা মামলা সাজিয়ে, পুলিশী হয়রানি করে, খুনের ভয় দেখিয়ে আমাদের রোখা যাবে না। বাম নেতাদের জুলুমবাজী ঠেকাতে মানুষের পাশে দাঁড়াতে ( শেষ পৃষ্ঠায় )

## পুর উপনির্বাচনে কংগ্রেস জয়ী
## সি পি এম তৃতীয় স্থানে

ধুলিয়ান ঃ গত ৮ ডিসেম্বর ধুলিয়ান পুর-সভার ৩নং ওয়ার্ডের সি পি এম প্রার্থী আতাউর রহমানের মৃত্যুতে শূন্য আসনে উপনির্বাচন হয়। প্রার্থী ছিলেন ৬ জন। ৩জন নির্দল, ১জন কংগ্রেস, ১জন বিক্ষুব্ধ কংগ্রেস ও ১জন সিপিএম। উল্লেখ্য সিপিএম সর্বশক্তি নিয়ে এই ওয়ার্ড চষে বেড়ালেও কংগ্রেস প্রার্থী এন্তাজ আলি ২ ভোটে বিক্ষুব্ধ কংগ্রেস আলম (রাণা) কে হারিয়ে (শেষ পৃঃ)

## পঞ্চায়েত উপনির্বাচনে সিপিএম জয়ী

দিবাকর ঘোষ, ফরাক্কা ঃ গত ১ ডিসেম্বর ফরাক্কায় অনুষ্ঠিত দুটি পঞ্চায়েত উপ-নির্বাচনে সিপিএম জয়লাভ করেছে। এই ব্লকের বেনিয়াগ্রাম গ্রাম পঞ্চায়েতের শ্রীরামপুর মহিলা তপশীলি সংরক্ষিত গ্রামসভায় নির্বাচিত মুসলীম লীগের পঞ্চায়েত সদস্যা অঞ্জলি সিনহার মৃত্যুর কারণে উপনির্বাচন হয়। এবারে মুসলীম লীগ প্রার্থী দেয়নি। বিজেপিসহ তিনজন প্রার্থী থাকলেও লড়াই মূলতঃ কংগ্রেস ও সিপিএমের ( ৩য় পৃষ্ঠায়)

## জঙ্গিপুরে সেসন জজের আদালত

রঘুনাথগঞ্জ ঃ জঙ্গিপুর আদালতে ১ম ও ২য় মুন্সেফী আদালত এবং সাব জজ কোর্ট আছে। সম্প্রতি আর একটি কোর্ট খোলার আদেশ এসেছে বলে জানা যায়। এটি হবে এ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট এন্ড সেসন জজ কোর্ট। এখানে যাবতীয় খুনের কেসেরও বিচার হবে। এসডিজেএম কোর্টের বিচারের আপিল করা যাবে। এই কোর্ট আগামী জানুয়ারী '৯৭ মধ্যে খোলা হচ্ছে বলে সরকারী সূত্রে জানা যায়।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চুড়ায় ওঠার সাধ্য আছে কার?

শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার॥

সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।

ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২৫শে অগ্রহায়ণ বুধবার, ১৪০৩ সাল।

## ॥ কী বিচিত্র— ! ॥

'কী বিচিত্র এই দেশ!' একটি বিখ্যাত নাটকের এক চরিত্রের সংলাপ। এই চরিত্রটি গ্রীকবীর আলেকজাণ্ডারের। তিনিই ভারত সম্বন্ধে এই মন্তব্য করেন তাঁহার সেনাপতির কাছে। অবশ্য মন্তব্যটি ভারতের মহনীয় দিকগুলির প্রতি ইঙ্গিত করিয়াই তিনি করিয়াছিলেন। কালক্রমে এই উক্তি নানা রকম পরিবেশকে লক্ষ্য করিয়াই প্রয়োগ করা হইতেছে। দেশের মধ্যে অর্থসংক্রান্ত দুর্নীতি এতদিন বেসরকারী ক্ষেত্রে দেখা যাইত। এখন তাহা সরকারী ক্ষেত্রে এক সংক্রামক ব্যাধির ন্যায় ছড়াইয়া পড়িয়াছে।

ভারতের প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীরা একাধিকজন আর্থিক দুর্নীতির কলঙ্কটিকায় ভূষিত অর্থাৎ অভিযুক্ত হইতেছেন। প্রধানমন্ত্রী হইতে আরম্ভ করিয়া অপরাপর কেন্দ্রীয় মন্ত্রী অভিযুক্ত। রাজনৈতিক নেতারাও বাদ যান নাই। রাজ্যমন্ত্রীদেরও অর্থ বিষয়ক 'কেচ্ছা-কেলেঙ্কারী' কাহারও অজানা নাই। ন্যায়ালয়ের বিচারপতিকেও একই কারণে কারাবরণ করিতে হইয়াছে! তামিলনাড়ুর প্রাক্তন মুখ্যমন্ত্রী এ আই ডি এম কে-র প্রধানা নেত্রী দোর্দণ্ডপ্রতাপশালিনী কুমারী জে জয়ললিতা বর্তমানে কারাবরণ করিয়াছেন। অবশ্য চূড়ান্তভাবে না হইলেও আর্থিক দুর্নীতির কারণে তিনি সাময়িকভাবে জেল হাজতে রহিয়াছেন অতি সাধারণ বন্দিনীদের মত। তাঁহার একদার পদমর্যাদা, বিশাল প্রভাব ও ব্যক্তিত্ব আজ ধূলিলুন্ঠিত।

তাঁহার বিরুদ্ধে সাতটি মামলা ঝুলিতেছে। এই সপ্তরথীর একটি টিভি কেলেঙ্কারী পঞ্চাশ হাজার টিভি সেট দরিদ্র সেবায় লাগাইবার ঘোষণার পর তাঁহাকে টিভি কোম্পানীগুলি 'কাটমানি'-র তকমায় মোটা টাকা ঘুষ দেয় বলিয়া খবর। আর এই ইস্যুতে সম্প্রতি কুমারীজি পূজার্চনার পর প্রাতরাশ অন্তে পুলিশের হাতে গ্রেপ্তার হন। এই কুমারীজি তাঁহার পুত্রের বিবাহে যে বিচিত্র রকমের বিপুল ব্যয় করেন বলিয়া সংবাদ প্রকাশিত হয়, সে রকম ব্যয় বোধ করি পেট্রোডলারের মালিক শেখজিরা করিতে পারিতেন না।

যাই হোক, জয়ললিতাজি এখন জেলহাজতে। পি, ভি, নরসিমা রাও, সতীশ শর্মা প্রভৃতি মন্ত্রীদের ব্যাপারে অভিযোগ উঠিয়াছে এবং ফলাফল অবশ্যই সময়ে জানা যাইবে। কিন্তু যাহা ভাবনার কথা, তাহা এই যে, মানুষ কাহার উপর আস্থা রাখিবে? মন্ত্রী—রাজ্যের বা কেন্দ্রের, প্রধান মন্ত্রী, মুখ্যমন্ত্রী, বিচারক—ইহারা যদি মানুষের ধিক্কার লাভ করেন, তবে দেশের কোন্ ভাবমূর্তি বজায় রহিবে? ধর্মের পোষাকে প্রবঞ্চনার 'গডম্যান' এই দেশেই মিলে। সুতরাং ভারত সর্বদিক দিয়াই বিচিত্র দেশ।

## নগ্নসত্য

### আনন্দগোপাল বিশ্বাস

কাগজে দেখা গেল কোন এক শিল্পী প্রখ্যাত চিত্রশিল্পী সৈয়দ মকবুল ফিদা হুসেনের নগ্ন চিত্র অঙ্কন করেছেন। অনেকেই বিশেষভাবে বুদ্ধিজীবিরা বোধ হয় এবারেও সেই চিত্র শিল্পীর তারিফ করবেন ঠিক যেভাবে মকবুল ফিদা হুসেনের তারিফ করেছিলেন সরস্বতীর নগ্ন চিত্র অঙ্কন করবার জন্য। অর্থাৎ বুদ্ধিজীবিরা সব সময় সব কাজেই শিল্পীর পক্ষে এ রকমই মনে হচ্ছে! ঠিক এই কারণেই রুচিবোধ এবং সামাজিক দায়বদ্ধতার প্রশ্ন উঠতেই পারে।

তথাকথিত বুদ্ধিজীবি এবং স্বয়ং সৈয়দ মকবুল ফিদা হুসেন মহাশয়কে একটা প্রশ্ন করা যেতে পারে, শিল্পী হলেই যদি তিনি সামাজিক দায়বদ্ধতার বাইরে পড়েন তা হ'লে তিনি ইচ্ছা করলেই কি ইসলাম ধর্মের প্রবর্তক মাননীয় নবি সাহেবের অতি সুন্দর, সুশ্রী একটি ছবি অঙ্কন করতে পারবেন? মনে হয় তিনি তা পারবেন না—কারণ তা অঙ্কন করলে শিল্পী ফিদা মহাশয়ের মাথার দামটা খুব অল্প সময়ের মধ্যে অনেক উঁচুতে উঠবে। 'ফিদা' মহাশয় বিলক্ষণ তা জানেন—এবং জানেন এক্ষেত্রে শিল্পীর সরলতার প্রকাশ নিয়ে কেহ উচ্ছ্বাস দেখাবেন না। যেমন কেহ উচ্ছ্বাস দেখাতে সাহস পাননি তসলিমা নাসরিন এর পক্ষে— তসলিমা কিছু নতুন ধ্যান ধারণার স্বপ্ন দেখেছিলেন মাত্র কিন্তু কোন বুদ্ধিজীবিকে মুখ খুলতে দেখা গেল না, দেখা গেল না তসলিমার পক্ষে কোন লেখা, কোন মিছিল। তিনি পালিয়ে বেঁচে আছেন, যে বাঁচা মৃত্যুর চেয়েও ভয়ানক কষ্টকর!

আমাদের দেশে তেত্রিশ কোটি (!) দেবতার মত রাজনীতির অসংখ্য দল এবং রীতি নীতিও বিচিত্র, তবু তার মধ্যে দুই ধরনের মতবাদ দেখা যায়, যেমন কিছু দল ঈশ্বর মানেন আর কিছু দল ঈশ্বর মানেন না কিন্তু লক্ষ্য করলে বোঝা যাবে ঘটনা কিন্তু তা নয়, ঈশ্বর মানেন না। শ্রেণীর দলভুক্ত বিশেষ ধর্মের নেতারা মন্দিরে গেলে বা উপাসনালয়ে গেলে পাছে দু'হাত এক জায়গায় হয়ে যায় এই ভয়ে দু'হাত পিছনে ধরে রাখেন. কেহ বা অশ্রদ্ধায় কিংবা অন্য ভয়ে মন্দিরে বা উপাসনালয়ে যান না। কিন্তু ঐ একই দলভুক্ত অপর সম্প্রদায়ের নেতারা কিন্তু নামাজ পড়েন, রোজা রাখেন, মসজিদে যান আশ্চর্যের বিষয় দল কিন্তু ঐ সব ব্যক্তি বা নেতাদের অপাংক্তেয় বলে বহিষ্কার করেন না! কি বিচিত্র এই মানসিকতা! যে যার ধর্ম মেনে চলবেন, ধর্মীয় আচার অনুষ্ঠান করবেন তাতে অসুবিধা কোথায় বোঝা মুস্কিল!

আসল কথাটি হ'ল 'নরম কাঠে ছুতোরের বল, শক্ত কাঠে সেলাম কর।' আর সেজন্য 'ফিদা' সাহেব সরস্বতীর নগ্ন ছবি অঙ্কন করেন এবং তাঁর পক্ষ হয়ে বুদ্ধিজীবিরা মিছিল করেন। আর বিপক্ষে যদি কেহ সোচ্চার হন তাহলে তিনি জঙ্গী মৌলবাদী আখ্যায় ভূষিত হন।

আমরা সকলে সমাজে বাস করি। আমাদের মনের কোণে কোন ভয়ঙ্কর নগ্নসত্য অর্ধসত্য কিংবা অসত্য থাকতে পারে, কিন্তু সামাজিক দায়বদ্ধতার কথা মনে রেখেই, তার প্রকাশ হওয়া বাঞ্ছনীয় নয়, কারণ তাতে লাভের চেয়ে লোকসান বেশী! আর সেকারণেই সরস্বতীর নগ্ন মূর্তি অঙ্কন অথবা 'ফিদা' সাহেবের নগ্নচিত্র অঙ্কন তা যতই সুন্দর হোক অবশ্যই ধিকৃত এবং বিকৃত রুচির পরিচায়ক!

## পাঁচ হাজার শিশুকে পালস্ পোলিও টিকা খাওয়ান হলো

রঘুনাথগঞ্জ : গত ৭ ডিসেম্বর জঙ্গিপুর পুর এলাকায় ১৫টি কেন্দ্রে হাসপাতাল কর্মচারী ও শ্রীমা শিল্প নিকেতনের ৫০ জন মহিলা স্বেচ্ছাসেবী অন্যান্য বছরের মত ৫ বছর পর্যন্ত বয়সের ৫ হাজার শিশুকে পালস পোলিও টিকা খাওয়ান। অন্যান্য ব্লক এলাকাতেও শিশু বিকাশ প্রকল্পের কর্মী ছাড়া হাসপাতাল ও হেলথ সেন্টারের কর্মীরা প্রোগ্রাম সাফল্যমণ্ডিত করেন। আগামী ১৮ জানুয়ারী আবার এ ব্যাপারে ক্যাম্প হবে বলে জানা যায়।

## গলায় দড়ি দিয়ে মৃত্যু, স্বামী ফেরার

অরঙ্গাবাদ : সুতী থানার চাঁদমারী গ্রামের বিশ্বনাথ দাসের স্ত্রী গত ৫ ডিসেম্বর গলায় দড়ি দিয়ে মারা যান বলে খবর। জানা যায় বিশ্বনাথ সন্দেহক্রমে তাঁর স্ত্রীর উপর প্রায়ই নির্য্যাতন করতো। গ্রামবাসীদের সন্দেহ এই অত্যাচারের ফলেই স্ত্রী সুন্দরী দাসী (২৬) ওরফে রূপসী আত্মহত্যা করেন। বিশ্বনাথ পলাতক।

## সিপিএম কংগ্রেসে সংঘর্ষ

অরঙ্গাবাদ : এই থানার অন্তর্গত নয়াগ্রামে গত ২৫/১১/৯৬ মাটি কাটা নিয়ে স্থানীয় কংগ্রেস এবং সিপিএম এর মধ্যে তুমুল সংঘর্ষ হয়। খবরে প্রকাশ, পঞ্চায়েত থেকে রাস্তায় মাটি ফেলার জন্য এই গ্রামের ভেষ্ট জমি থেকে মাটি সংগ্রহ করতে থাকলে সিপিএম এর তরফ থেকে বাধা দিয়ে বলা হয় অন্যান্য ভেষ্টেড ফাঁকা জমি থেকে তারা যেন মাটি কাটে, কারণ উক্ত ভেষ্টেড জমির অংশটুকু অন্য একজনের দখলে আছে। কিন্তু অন্যত্র ভেষ্টেড জমি থাকলেও তা রাস্তার মাটি ফেলার জায়গা থেকে দূর হবে এবং তাতে শ্রমিক বেশী লাগবে এই অজুহাতে স্থানীয় কংগ্রেসের পঞ্চায়েত সদস্য এবং প্রধান মিলে এক রকম প্রায় জোড় করে দখলীকৃত ভেষ্ট জমি থেকে মাটি কাটতে শুরু করে। এর ফলে দু'পক্ষের মধ্যে সংঘর্ষ হলে উভয় পক্ষের বেশ কয়েকজন মারাত্মকভাবে জখম হয়। পুলিশের উপস্থিতিতে শেষ পর্যন্ত সংঘর্ষ থামানো হয়।

## পঞ্চায়েত উপনির্বাচনে জয়ী

( ১ম পৃষ্ঠার পর )

মধ্যে হয়। সিপিএমের সুশীলা রবিদাস বৈধ ৭০৩টি ভোটের মধ্যে ৩৫৫টি ভোট পেয়ে জয়ী হন। কংগ্রেসের প্রার্থী পেয়েছেন ৩৩১টি ভোট। অন্যদিকে বিজেপি প্রার্থী ১৭টি ভোট পান। এখানে মোট ভোটার সংখ্যা ছিল ৮৩৫ এবং ভোট পোলিং হয় ৭১৬টি। অন্য আসনটি ফরাক্কা পঞ্চায়েত সমিতির। বাহাদুরপুর গ্রাম পঞ্চায়েত অন্তর্ভুক্ত ফরাক্কা পঞ্চায়েত সমিতির এই আসনেও কংগ্রেসকে হারিয়ে সিপিএম জয়ী হয়। এই আসনটি পূর্বে সিপিএমের দখলেই ছিল। নির্বাচিত সদস্যের মৃত্যুর কারণে এই আসনে উপনির্বাচন হয়। এখানে মোট ভোটার ছিল ১৭৬৫টি. পোলিং হয় ১৫৯৩ ভোট। বৈধ ১৪৭৭টি ভোটের মধ্যে বিজয়ী সিপি-এমের সৈবুর রহমান ৭৬১টি ভোট পান এবং কংগ্রেসের প্রার্থী ৭০২টি ভোট পেয়েছেন। তৃতীয়, নির্দল প্রার্থী ১৩টি ভোট পান।

## জায়গা বিক্রী

রঘুনাথগঞ্জ শহরের কেন্দ্রস্থলে পুরসভার নিকট সদর রাস্তার উপর পুরাতন বাড়ীসহ ১১ শতক জায়গা বিক্রী আছে

যোগাযোগের ঠিকানা

শ্রীগৌরীশঙ্কর দাস (এ্যাডভোকেট)

দরবেশপাড়া. রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## সিউড়ী সরস্বতী শিশুমন্দির ও বিবেকানন্দ শিশুতীর্থ ছাত্রাবাস

বিবেকানন্দপল্লী ( হাসপাতালের পশ্চিমে )

ডাক—সিউড়ী, জেলা বীরভূম

* ভারতীয় ভাবাদর্শে পরিচালিত বেসরকারী বিদ্যালয় ও ছাত্রাবাস।

* উন্নতমানের পাঠক্রম, বৎসরে পাঁচবার মূল্যায়ন, মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদান, ইংরাজী বিষয়ে বিশেষ জোর, সংস্কৃত, হিন্দী, আচরণ ও অনুশাসন পাঠদানের বিশেষ অঙ্গ।

* শিক্ষাবর্ষ—প্রাথমিক বিভাগের জন্য জানুয়ারী থেকে ডিসেম্বর। উচ্চ বিদ্যালয়ের জন্য মে মাস থেকে এপ্রিল মাস পর্যন্ত।

* ভর্তির বয়স ৫ বৎসরের অধিক হওয়া চাই। ডিসেম্বর মাস থেকে ভর্তি শুরু। বাৎসরিক দেয় শুল্ক, নিয়মনীতির জন্য ২০ টাকা M. O. যোগে সম্পাদক/অধ্যক্ষকে পাঠালে প্রস্পেক্টাস ও ফর্ম পাওয়া যাবে।

## টেণ্ডার নোটিশ

এতদ্দ্বারা গ্রহণেচ্ছুক বিশিষ্ট কাপড় ব্যবসায়ীদের জানানো যাইতেছে যে ধুলিয়ান আর এম সি-র কর্মচারীদের ইউনিফর্ম ( পোষাক ) তৈয়ারীর জন্য নিম্নলিখিত মান ও রঙের কাপড়ের মূল্য ও সেলাই মূল্যসহ নিম্ন স্বাক্ষরকারী দরপত্র আহ্বান করিতেছেন।

নিয়মাবলী :

১) প্যান্টের কাপড় : ক) কালো খ) আকাশী নীল গ) খাঁকি।

২) জামার কাপড় : ক) সাদা খ) খাঁকি।

৩) কাপড়-এর গুণগত মান : ময়ূর অথবা বিমল মিলের

৪) জামার সাদা কাপড় অবশ্যই সুইস কটন এবং খাঁকি কাপড় বিমল এর হইতে হইবে।

৫) প্রত্যেকটি কাপড়ের সেলাই মূল্য পৃথক পৃথক ভাবে দিতে হইবে।

৬) দরপত্রের সহিত অবশ্যই কাপড়ের নমুনা দিতে হইবে এবং এক সেট ( প্যান্ট ও জামার সেলাইসহ ) কাপড় এর মূল্য ৫০০/- (পাঁচ শত টাকা)র বেশী হইবে না।

৭) এক ব্যক্তি বা ব্যবসায়ী একাধিক দরপত্র দাখিল করিতে পারিবেন না।

বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে অফিস কার্যের দিন দরপত্র দাখিল করিতে হইবে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে। এই বিজ্ঞপ্তি প্রকাশের দরপত্র গ্রহণ বা বাতিল করিবার অধিকার কর্তৃপক্ষের থাকিবে।

ভবদীয়—

শ্রীশান্তিকুমার চট্টোপাধ্যায়, সম্পাদক

ধুলিয়ান রেগুলেটেড মার্কেট কমিটি

C/o. সাবডিভিসন্যাল এগ্রি: মার্কেটিং অফিস, জঙ্গিপুর

পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

## নোটিশ

সাগরদীঘি আই, সি, ডি, এস প্রোজেক্টে ১৯৯৭-৯৮ ( ১, ২, ৯৭—৩১, ১, ৯৮ ) বর্ষের জন্য ষ্টোরিং, ক্যারিং এবং গুড় সরবরাহের জন্য টেণ্ডার আহ্বান করা হইতেছে। এই সংক্রান্ত বিষয়ে বিশদ বিবরণের জন্য সুসংহত শিশু বিকাশ প্রকল্প আধিকারিকরণ, সাগরদীঘির সহিত যোগাযোগ করিতে বলা হইতেছে।

Child Development Project Officer
Sagardighi I. C. D. S. Project
P. O. Sagardighi, Dist. Murshidabad

Wanted a Headmaster reserved for S. C. with qualification of regular Hons./M. A. in Eng./Beng. Preferable B. T./B. Ed./P. G. B. T. with 5 yrs. experience. Apply to the secretary, Giria Jr. High School, P. O. Giria, Dt. Murshidabad within a month. Pay admissible as G. A. rules.

Secretary, Giria Jr. High School.

বিয়ে পৈতে অন্নপ্রাশন ইত্যাদি অনুষ্ঠানের নানা ডিজাইনের কার্ডের একমাত্র প্রতিষ্ঠান।

কার্ডস ফেয়ার

রঘুনাথগঞ্জ, ফোন—৬৬২২৮

### রেলওয়ে মেনস ইউনিয়নের সাংস্কৃতিক অনুষ্ঠান

ফরাক্কা ঃ গত ৮ ডিসেম্বর ফরাক্কা রেল কলোনী ময়দানে ইষ্টার্ন রেলওয়ে মেনস ইউনিয়নের আয়োজনে এক মনোরম সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। উক্ত অনুষ্ঠান পরিচালনা করেন ইউনিয়নের সম্পাদক প্রভাত রায়চৌধুরী এবং সভাপতি চন্ডী ঘোষাল। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শ্রীমতী পি মাজি এবং বিশেষ অতিথি মালদা রেলওয়ে ডিভিসনের ডি আর এম। এই অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন জিয়াগঞ্জের হাজারী শিল্পীগোষ্ঠী, ধুলিয়ানের সমসের খাঁ ও জেলার বিশিষ্ট সঙ্গীত শিল্পীরা। সঙ্গীত ছাড়াও মনোমুগ্ধকর যন্ত্রসঙ্গীতও পরিবেশিত হয়।

### মুর্শিদাবাদ জেলা পরিবহন ( ১ম পৃষ্ঠার পর )

গিয়ে যদি আমাদের গুন্ডা সাজতে হয়, তা সাজতে আমরা বছর বছর রাজী আছি। এন্টালীর বিধায়ক সুলতান আহ্মেদ বলেন বাম নেতারা বেকার যুবক, শ্রমিক, কৃষকদের কথা আর বলে না। জ্যোতিবাবু পুত্র চন্দনের জন্য সব করবেন, সাধারণ বেকারদের জন্য কিছু করবেন না। আগে বাম সরকার সব ব্যাপারেই কেন্দ্রের দোষ দিত, এখন তারও সুযোগ নাই। সিপিএমের জমানাতে থানায় পুলিশের চেহারার জৌলুস বাড়ছে। অধীর চৌধুরী বলেন, বামফ্রন্টের কুড়ি বছরের রাজত্বে বোমা, পিস্তল, সকেট, মাস্কেটের কুটীর শিল্পের প্রসার ঘটেছে। বিভিন্ন সরকারী কাজে বাম নেতাদের যোগসাজসে ঠিকাদারদের চুরি বেড়েছে। অধীরবাবু একসময় উত্তেজনার চরমে পৌঁছে বলেন, বামপন্থী বুদ্ধাদের অহিংস পথে শেষ করে দেবার দিন আগতপ্রায়। মানুষের পাশে থাকতে আমরা বুদ্ধদেববাবুর রক্তচক্ষুকে পরোয়া করি না। কংগ্রেসের আন্দোলনের সাথে সমস্ত মানুষকে এক হবার আহ্বান জানিয়ে সভাপতি কালু সেখ সভার কাজ শেষ করলেও জেলা পরিবহন সংক্রান্ত কোন আলোচনাই সভায় হয়নি।

### ধরে নিয়ে গিয়ে খুন, পাঁচদিন পর মৃতদেহ উদ্ধার

ফরাক্কা ঃ স্থানীয় থানার অর্জুনপুরের রেন্টু সেখ ও তার ভাই গত ২১ নভেম্বর দুপুরে অর্জুনপুর গঙ্গার ঘাটে হোসেনপুর চরে এক দোকানে বসে চা খাচ্ছিল। সেই সময় রেন্টুর আগের পক্ষের তিন শ্যালক কব্বর, বাবলু ও গফফর রেন্টুর উপর চড়াও হয়ে তাঁকে জোর করে নৌকায় তুলে নিয়ে চলে যায়। কয়েকদিন পর ২৬ নভেম্বর খোদাবান্দাপুর ঘাটের কাছে রেন্টুর মৃতদেহ পাওয়া যায়। জানা যায় গত '৯৪ সালে রেন্টুর ১ম পক্ষের স্ত্রীকে রেন্টু নিজ হাতে খুন করে। সন্দেহ তারই বদলা নিতে রেন্টুর স্ত্রীর তিন ভাই ধরে নিয়ে গিয়ে রেন্টুকে হত্যা করে। এখনও কেউ ধরা পড়েনি।

### সি পি এম তৃতীয় স্থানে ( ১ম পৃষ্ঠার পর )

জয়লাভ করে। সি পি এম প্রার্থী তামিজুদ্দিন আহম্মদ জয়ী কংগ্রেস প্রার্থীর চেয়ে ২২ ভোট কম পান। তামিজুদ্দিনের পক্ষে প্রাক্তন বিধায়কদ্বয় তোয়াব আলী ও হাসনাৎ খাঁ ৩নং ওয়ার্ডে সর্বশক্তি নিয়ে প্রচার চালান। অন্যদিকে গত ৪ ডিসেম্বর অধীর চৌধুরী ও আলী হোসেন কংগ্রেসের নির্বাচন সভায় খরবোনায় ভাষণ দেন বলে খবর।

### পেনসনারদের আর্থিক দুর্গতি ( ১ম পৃষ্ঠার পর )

পেমেন্টের মধ্যে থাকতে পারে না। কিন্তু যেহেতু ট্রেজারীর পেমেন্ট সার্টিফিকেটে লেখা আছে 'all dues upto July '96 was paid' সেইহেতু ব্যাঙ্কগুলি আগষ্ট থেকে পেমেন্ট দেওয়ায় রিলিফের এপ্রিল থেকে জুলাই চার মাসের ১০০ টাকা করে ৪০০ টাকা এবং ডি এ র জুলাই মাসের এরিয়ার পাওনা কাউকে দেননি। জনৈক অবসরপ্রাপ্ত সৈনিক এ নিয়ে ট্রেজারী অফিসারের সঙ্গে দেখা করলে তিনি বলেন, পাওনার সম্পূর্ণ তালিকা অর্থাৎ মূল পেনসন বাদ পেনসন বিক্রি, ডি এ ১৪৮%, ইনটারিম রিলিফ পুরাতন হার ইত্যাদি সার্টিফিকেটে জানিয়েছি। এরপর যা ঘোষিত হয়েছে তা তো ব্যাঙ্কের দেয়। তাঁরা কি করে ওগুলি বাদ দিয়ে পেমেন্ট দিলেন আমরা বুঝতে পারছি না। ওঁরা আমাদের চিঠি দিলে আমরা উত্তর দেব। সেই অনুযায়ী ব্যাঙ্কে বা আমাদের কাছে দরখাস্ত করতে পারেন। এই বিভাগীয় লাল ফিতার জট কবে খুলবে জানি না। কিন্তু তাঁদের লড়াই এর মাঝখানে পরে অবসরপ্রাপ্তরা বিশেষ করে বিধবা পেনসনভোগীরা দুর্মূল্যের বাজারে আর্থিক সংকটে কষ্ট পাচ্ছেন। ব্যাঙ্কের কর্তাব্যক্তিদের কাছে অনুরোধ তাঁরা যখন ঘটনাটি উপলব্ধি করেছেন তখন যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করে অবসরভোগীদের দুর্দশা দূর করুন। অযথা বিভাগীয় সম্মানের মিথ্যা অহমিকা দেখিয়ে হতভাগ্যদের বিড়ম্বনায় ফেলবেন না।

বিশেষ আকর্ষণ ঃ বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই কোবরা ছাপা শাড়ী।



আর কোথাও না গিয়ে
আমাদের এখানে অফুরন্ত
সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা
ষ্টিচ করার জন্য তসর থান,
কোরিয়াল, জামদানী জোড়,
পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ
পিওর সিল্কের প্রিন্টেড
শাড়ীর নির্ভরযোগ্য
প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য
পরীক্ষা প্রার্থনীয়।

বাঘিড়া ননী এণ্ড সন্স
মির্জাপুর ॥ গনকর
ফোন নং ঃ গনকর ৬২০২৯

2 YEARS WARRANTY

WEBEL NICCO TV

Dealer :
Bharat Electronics
Raghunathganj ✪ Phone : 66-321

Sengupta Elcetronics
Raghunathganj, Murshidabad

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অমুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।